# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয় আল্লাহর বাণী: ﴿ وَلَا تَحۡسَبَنَّ ٱلَّذِينَ قُتِلُواْ فِي سَبِيلِ ٱللَّهِ أَمۡوَٰتَۢاۚ بَلۡ أَحۡيَآءٌ عِندَ رَبِّهِمۡ يُرۡزَقُونَ ١٦٩ ﴾ [آل عمران: ١٦٩] “আর যারা আল্লাহর পথে জীবন দিয়েছে, তাদেরকে তুমি মৃত মনে করো না; বরং তারা তাদের রবের নিকট জীবিত, তারা তাদের রবের নিকট রিযক প্রাপ্ত হয়”। [সূরা আলে-ইমরান, আয়াত: ১৬৯] এ আয়াতে ‘জীবিত’ শব্দের অর্থ কি?

উত্তর: বল, এ আয়াতে জীবিত অর্থ হলো, তাদের বারযাখী নি‘আমাতের জীবনে জীবিত করা হয়, যা দুনিয়ার জীবনের মতো নয়। কারণ, শহীদদের রূহসমূহ জান্নাতে নি‘আমত প্রাপ্ত হয়। এ জন্যেই আল্লাহ তা‘আলা বলেন “তারা তাদের রবের নিকট রিযিকপ্রাপ্ত হয়”। তারা অন্য জগতে রয়েছেন। তাদের রয়েছে জীবন ও অবস্থাসমূহ তা তাদের দুনিয়ার জীবনের হায়াত ও অবস্থাসমূহের মতো নয়। কারণ, যারা তাদেরকে ডাকে তারা তাদের ডাক শুনে না এবং তাদের ডাকে সাড়া দেয় না। যেমন পূর্বে একাধিক আয়াতে গত হয়েছে। অতএব সেগুলোর মাঝে এবং আয়তের মাঝে কোনো বিরোধ নেই। এ জন্যই আয়াতে “রিযিকপ্রাপ্ত হয়” এসেছে “তারা রিজিক দেয়” আসেনি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9974

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন